# মডার্ন রান্নাঘর



সময় বদলেছে
রান্নাঘর বদলাও

## মডার্ন রান্নাঘর ও এর উপাদান

যুগের সাথে তাল মিলিয়ে আমাদের জীবনযাপনে এসেছে নানান পরিবর্তন। পরিবর্তন এসেছে আমাদের বসবাসের ঘরেও। জানালায় লেগেছে পর্দা, ঘরে এসেছে বিদ্যুৎ, ফ্যান, টেলিভিশন; হাতে হাতে মোবাইল ফোন। কিন্তু পরিবারের সকল মানুষের পুষ্টির উৎস যে রান্নাঘর, সেটি থেকে গেছে পরিবর্তনের বাইরে। গতানুগতিক মাটির চুলা আর জ্বালানি হিসাবে কুড়িয়ে আনা কাঠ, লাকড়ি, গোবর ও পাতা ব্যবহার করাতে, আমাদের রান্নাঘরগুলো থাকে ধোঁয়ায় ভরা। ঘরের চাল ও দেয়ালে কালি, আর মেঝেতে প্রায়ই ছড়িয়ে ছিটিয়ে থাকা পাতা, শলা আর গাছের ডাল রান্নাঘরকে কারখানার মতো বানিয়ে রাখে। রাঁধুনিদের গায়ে সারাদিন লেগে থাকে ধোঁয়ার গন্ধ আর নষ্ট হয় তাদের ত্বক।

অথচ রান্নাঘরের সামান্য কিছু উপাদানের পরিবর্তন করলেই আমাদের রান্নাঘরটিও হয়ে উঠতে পারে গোছানো, সুন্দর, পরিচ্ছন্ন এক মডার্ন রান্নাঘর। বর্তমান সময়ে বাজারে এসেছে বেশ কিছু মডার্ন চুলা ও তার জ্বালানি। যা ব্যবহার করলে পরিবারের সুস্বাস্থ্য যেমন নিশ্চিত রাখা যায়, তেমনি মহিলাদের ত্বকের সৌন্দর্যও অটুট থাকে। সবচেয়ে বড় কথা আপনার রান্নাঘর হয় ধোঁয়া ও কালি মুক্ত। তাই রান্নার কাজে থাকা মহিলাদের শ্বাসযন্ত্র জনিত রোগের আশঙ্কা কমে যায়।

আপনার রান্নাঘর মডার্ন করতে, ব্যবহার করুন মডার্ন চুলা এবং মডার্ন জ্বালানি।

বাজারে সাশ্রয়ী দামে কয়েক ধরণের মডার্ন চুলা ও মডার্ন জ্বালানি পাওয়া যাচ্ছে, যা এখানে উল্লেখ করা হলো। ভালো করে দেখে, জেনে, আপনার পছন্দের চুলা বা জ্বালানি কিনে নিতে পারেন সহজেই।

# মডার্ন চুলা



সময় বদলেছে চুলা বদলাও


# অগ্নি শিখা™


## লাকড়ির মর্ডান চুলা

অগ্নিশিখা চুলা মূলত: কাঠ বা লাকড়ির চুলা। এটি অত্যাধুনিক পদ্ধতিতে তৈরি বলে এতে শুকনো কাঠ বা লাকড়ি ব্যবহার করলে ধোঁয়া ও কালি খুব কম হয়। এছাড়া এর ডিজাইনটি আকর্ষণীয় ও টেকসই।
















### অগ্নিশিখা চুলার সুবিধাঃ

- ধোঁয়া ও কালি কম হয় বলে রান্নাঘর নোংরা হয় না।
- এতে আছে অত্যাধুনিক তাপক্ষয় প্রতিরোধক যা উচ্চতাপ রক্ষা করে রান্নাকে আরো সাশ্রয়ী করে তুলে।
- মাটির চুলার মত কাঠের লাকড়ি ব্যবহার করা যায়।
- এই চুলার অক্সিজেনের মুখ রয়েছে যা দিয়ে সহজেই বাতাস চলাচল করতে পারে, তাই রান্না হয় দ্রুত।
- কুল টাচ্ পদ্ধতিতে তৈরী তাই এই চুলা সহজে গরম হয় না, তাই হাত পুড়ে যাওয়ার ভয়ও থাকে না।
- এই চুলার রয়েছে উঁচু জ্বালানি মুখ।

যোগাযোগ: ০১৯৪৩৩৪৩৪৩৪


# মুস্পানা সবুজ চুলা




## লাকড়ির মর্ডান চুলা

মুস্পানা সবুজ চুলা কাঠ বা লাকড়ির আরেকটি মডার্ন চুলা। কাঠ বা লাকড়ির চুলা সত্ত্বেও বৈজ্ঞানিক পদ্ধতিতে চুলাটি তৈরি বলে, এতে ধোঁয়া বা কালি কম হয়। এটি দেখতে বেশ আকর্ষণীয় এবং একে সহজে বহন করা যায়।











### মুস্পানা সবুজ চুলার সুবিধা:

- ধোঁয়া ও কালি কম হয় বলে রান্নাঘর নোংরা হয় না।
- মাটির চুলার মত কাঠ বা লাকড়ি ব্যবহার করা যায়।
- এই চুলায় নিচের অংশে অনেকগুলো ছিদ্র রয়েছে যা দিয়ে সহজেই বাতাস চলাচল করতে পারেল। ফলে আগুনের শিখা ভালোভাবে জ্বলতে পারে।
- পর্যাপ্ত পরিমান জ্বালানি দেয়ার জন্য এর রয়েছে উঁচু জ্বালানি মুখ।
- সহজেই বহন করা যায়।

যোগাযোগ: ০১৮৩৯৫৯০২০৪


# শক্তি চুলা®


## লাকড়ির মর্ডান চুলা


লাকড়ি বা কাঠের আরেকটি অত্যাধুনিক মডার্ন চুলা হলো, শক্তি চুলা। এই চুলাটি আন্তর্জাতিকভাবে পরীক্ষিত ও আধুনিক ডিজাইনে তৈরি, যা আপনার রান্নাঘরের সৌন্দর্যকে বাড়িয়ে দিতে পারে।














### শক্তি চুলার সুবিধাঃ

- ধোঁয়া ও কালি কম হয় বলে রান্নাঘর নোংরা হয় না।
- মাটির চুলার মত কাঠের লাকড়ি ব্যবহার করা যায়।
- এই চুলায় অনেকগুলো ছিদ্র রয়েছে যা দিয়ে সহজেই বাতাস চলাচল করতে পারে, রান্না হয় দ্রুত।
- এর রয়েছে উঁচু জ্বালানি মুখ।
- সহজেই বহন করা যায়।
- এই চুলায় ১০ থেকে ১২ জনের রান্না করা যায়।
- লাকড়ি রাখার জন্য রয়েছে স্ট্যান্ড।

যোগাযোগ: ০১৫১৫৬৬৬০৬৪


Luxur Cook Stove


**LUXUR GREEN ENERGY LIMITED**



## ✓ পেলেটের মর্ডান চুলা

লাক্সার কুক স্টোভ মূলত: পেলেট (কাঠ, ভূষি ও তুষ দিয়ে তৈরী এক ধরণের ছোট আকারের মডার্ন ও সাশ্রয়ী জ্বালানি) নির্ভর মডার্ন চুলা। আধুনিক বিশ্বে এ ধরণের চুলার প্রচলন বাড়ছে। এটি যেমন জ্বালানি সাশ্রয়ী, তেমনি আধুনিক ও উন্নত ডিজাইনে তৈরি; যা ব্যবহার করাও খুব সহজ।





### লাক্সার কুক স্টোভ-এর সুবিধা:

- লাক্সার কুক স্টোভ এ লাকড়ির চুলার চেয়ে ধোঁয়া ও কালি কম হয় তাই রান্নাঘর থাকে পরিষ্কার।
- এই চুলার সামনের দিকে একটি ছোট ফ্যান যুক্ত আছে যা জ্বালানিকে পুরোপুরি পুড়তে সাহায্য করে।
- জ্বালানি হিসাবে পেলেট ব্যবহার করায় রান্না হয় দ্রুত ও ঝামেলাহীন।
- চুলার মুখের দিকে পেলেট রাখার সুবিধার্থে রয়েছে কম্বাশ্চন চেম্বার।
- এই চুলা সহজে গরম হয় না,তাই হাত পুড়ে যাওয়ার ভয় থাকে না।
- চুলাটি একটি চার্জার এর সাহায্যে চালানো হয়। চার্জার একবার চার্জ করে নিলেই অনেকক্ষণ রান্না করা যায়।
- চার্জারের চাবি ঘুরিয়ে সহজেই আগুন নিয়ন্ত্রণ করা যায়।

যোগাযোগ: ০১৭৬৫৭১৫২০৯


# সূর্য চুলা


## পেলেটের মর্ডান চুলা


পেলেট নির্ভর আরেকটি মডার্ন চুলা হলো সূর্য চুলা। এই চুলাটিও আধুনিক ডিজাইনে এবং বৈজ্ঞানিক পদ্ধতিতে তৈরি। এটি দেখতে যেমন আকর্ষণীয়, তেমনি এর ব্যবহারও খুব সহজ। এছাড়াও এই চুলা হালকা হওয়ায়, এটিকে সহজে এক জায়গা থেকে অন্য জায়গায় নিয়ে যাওয়া যায়।















**সূর্য চুলার সুবিধা :**

- সূর্য চুলায় ধোঁয়া ও কালি কম হয় তাই রান্নাঘর থাকে পরিষ্কার।
- জ্বালানি হিসাবে পেলেট ব্যবহার করায় রান্না হয় দ্রুত ও ঝামেলাহীন।
- রান্নার পরিমাণ চিন্তা করে সূর্য চুলায় আছে দুইটি পেলেট চেম্বার (জ্বালানি ধারণ পাত্র)। অল্প রান্নার জন্য ছোট চেম্বার এবং বেশি রান্নার জন্য বড় চেম্বার।
- সহজেই বহন করা যায়। বহন করার সুবিধার্থে দু-দিকে হাতল আছে।
- এই চুলা সহজে গরম হয় না, তাই হাত পুড়ে যাওয়ার ভয় থাকে না।
- চুলাটি অ্যাডাপ্টারের মাধ্যমে এসি বিদ্যুৎ অথবা সরাসরি সৌর বিদ্যুৎ দিয়ে চালানো যায়।
- চুলার নিচের দিকে অবস্থিত নব/ভলিউম ঘুরিয়ে সহজেই আগুন নিয়ন্ত্রণ করা যায়।

যোগাযোগ: ০১৭৪০৫৫০০১১


# VENUS


**পেলেটের মর্ডান চুলা**

ভেনাস পেলেট নির্ভর আরেকটি মডার্ন চুলা। এই চুলাটি বৈজ্ঞানিক পদ্ধতিতে তৈরি বিধায় এর ডিজাইন ও ব্যবহার বেশ আধুনিক ও আকর্ষণীয়। এই চুলা ব্যবহারে রান্নাঘর যেমন ধোঁয়া-কালি মুক্ত হয়, তেমনি এটি রান্নাঘরের সৌন্দর্য্যও বাড়িয়ে দেয়।









## ভেনাস চুলার সুবিধা :

- ভেনাস চুলায় ধোঁয়া ও কালি কম হয় তাই রান্নাঘর থাকে পরিষ্কার।
- এই চুলাটির ভেতরে একটি ছোট ফ্যান যুক্ত আছে যা জ্বালানিকে পুরোপুরি পুড়তে সাহায্য করে এবং অপচয় কমায়।
- জ্বালানি হিসাবে পেলেট ব্যবহার করায় রান্না হয় দ্রুত ও ঝামেলাহীন।
- চুলার মুখের ভেতর পেলেট রাখার সুবিধার্থে রয়েছে ছিদ্র বিশিষ্ট পাত্র/কম্বাশ্চন চেম্বার।
- সহজেই বহন করা যায়।
- এই চুলা সহজে গরম হয় না, তাই হাত পুড়ে যাওয়ার ভয় থাকে না।
- চাবি ঘুরিয়ে সহজেই আগুন নিয়ন্ত্রণ করা যায়।

যোগাযোগ: ০১৭১১১৫১৬০৫

# মডার্ন জ্বালানি



সময় বদলেছে

জ্বালানি বদলাও

# eco-fuel

## মডার্ন জ্বালানি পেলেট

পরিবেশ দূষণের কারনে বিশ্বব্যাপী জ্বালানি সচেতনতা বৃদ্ধি পেয়েছে। জ্বালানি হিসেবে লাকড়ি বা কাঠের ব্যবহার কমিয়ে আনতে চলছে বিভিন্ন গবেষণা। ইতোমধ্যে পৃথিবীর অনেক দেশেই মডার্ন জ্বালানি হিসেবে পেলেট এর ব্যবহার বেড়েছে। পেলেট হলো কাঠের ভূষি, তুষ ও শুকনো খড়কুঠোকে বৈজ্ঞানিক পদ্ধতিতে প্রসেস করে তৈরি করা এক ধরণের ছোট আকারের মডার্ন ও সাশ্রয়ী জ্বালানি। দীর্ঘদিন যাবৎ বাংলাদেশে ইকু ফুয়েল ইন্ডাস্ট্রিজ লিঃ এই পেলেট বাজারজাত করে আসছে।





### ইকু ফুয়েল এর সুবিধা:

- প্রতি মাসে ৫-৭ জনের ফ্যামিলির রান্নার কাজ ইকু ফুয়েলের মাধ্যমে ৬০০-৭০০ টাকার মধ্যে করা যায়।
- এই জ্বালানিতে রান্নার স্বাদ অটুট থাকে।
- স্বল্প জ্বালানি খরচে রান্না করা যায়।
- স্বাস্থ্য ঝুঁকি কমায়।
- সহজে বহন করা যায়।
- ধোঁয়ামুক্ত রান্না করা যায়।

যোগাযোগ: ০১৯১৫৪৯৮৮২০

Omera LPG

## নিরাপদ সিলিন্ডার, নির্ভরতা সবার

### মডার্ন জ্বালানি এলপিজি

এম জে এল বাংলাদেশ-এর অঙ্গ প্রতিষ্ঠান ওমেরা লিমিটেড বাজারে নিয়ে এল ওমেরা এলপি গ্যাস। সর্বোচ্চ মান, সহজলভ্যতা ও সুরক্ষার লক্ষ্যে বাংলাদেশে ওমেরা গ্যাস এর যাত্রা শুরু। ওমেরা এর রয়েছে সর্বোবৃহৎ বটলিং ও স্টোরেজ ক্যাপাসিটি। নিজস্ব ম্যানুফ্যাকচারিং প্ল্যান্ট এ ইউরোপিয়ান প্রযুক্তিতে কঠোর মান নিয়ন্ত্রণের মাধ্যমে তৈরী হয় আন্তর্জাতিক মানের ওমেরা এলপিজি যা ২০০৬ সালে জ্বালানি খাতে সেরা প্রতিষ্ঠান হিসাবে পুরষ্কার প্রাপ্ত।




**ওমেরা (এলপিজি)-এর সুবিধা:**

- আন্তর্জাতিক মান স্বীকৃত ও বাংলাদেশ সরকারের বিস্ফোরক অধিদপ্তর কর্তৃক অনুমোদিত ওমেরা এলপিজি-এর সিলিন্ডার নিরাপদ।
- আধুনিক ও টেকসই ডিজাইনে তৈরি এই সিলিন্ডার গ্যাস চাহিদা অনুযায়ী ব্যবহার করে এর আগুনের শিখাকে নিয়ন্ত্রণ করা যায়।
- কালো ধোঁয়া নির্গমণ করে না বলে রান্নার পাত্র কালো হয় না, সহজেই পরিষ্কার হয়।
- রান্নাঘরে অল্প জায়গায় ওমেরা সিলিন্ডার সংরক্ষণ করা যায়।
- ওমেরা এলপিজি নিরাপদ ও স্বাস্থ্যকর জ্বালানি।
- ওমেরা সিলিন্ডার ৫.৫, ১২, ও ৩৫ কেজি এই তিনটি মাপে বাজারজাত করা হয়।

যোগাযোগ: ০১৭৭৭৭০৯৪০৪

TOTALGAZ

## মডার্ন জ্বালানি এলপিজি

টোটালগ্যাস এলপি গ্যাসের জগতে একটি সুপরিচিত ও আদর্শ জ্বালানি হিসেবে বিশ্বজুড়ে সমাদৃত। ২০০২ সাল থেকে ফ্রান্সের টোটাল ব্র্যান্ড–এর টোটালগ্যাস বাংলাদেশের বাজারে এলপি গ্যাস ও সিলিন্ডার বিক্রি করছে। এর প্রতিটি সিলিন্ডার একদিকে যেমন সাশ্রয়ী, অন্যদিকে তেমনি বিশ্বমানের। এটা নিরাপদ ও আধুনিক পদ্ধতিতে তৈরি।




### টোটালগ্যাস (এলপিজি)-এর সুবিধা:

- আন্তর্জাতিক মান স্বীকৃত ও বাংলাদেশ সরকারের বিস্ফোরক অধিদপ্তর কর্তৃক অনুমোদিত টোটালগ্যাস-এর সিলিন্ডার নিরাপদ।
- আন্তর্জাতিক নিরাপত্তা গাইডলাইন অনুযায়ী তৈরীকৃত টোটালগ্যাস ১২ কেজি, ১৫ কেজি ও ৩৩ কেজি ওজনের ৩টি ভিন্ন সাইজের সিলিন্ডার বাজারজাত করে আসছে।
- টোটালগ্যাস সালফারমুক্ত, তাই স্বাস্থ্যের জন্য ক্ষতিকর নয়।
- টোটালগ্যাস-এর মিশ্রণে প্রোপেন-এর পরিমান বেশি, তাই তাপ দেয় বেশি ও দ্রুত রান্নার কাজ শেষ করা যায়।
- রান্নাঘরে অল্প জায়গাতেই টোটালগ্যাস-এর সিলিন্ডার সংরক্ষণ করা যায়।
- নিরাপত্তা নিশ্চিত করতে টোটালগ্যাস-এর সিলিন্ডার নিয়মিতভাবে পরীক্ষা করা হয়।

যোগাযোগ: ০১৭১০৬০৩৩১৯

LAUGFS GAS

## মডার্ন জ্বালানি এলপিজি

মডার্ন জ্বালানি গ্যাসের আরেকটি নাম লাফ্‌স এলপিজি। লাফ্‌স মূলত: শ্রীলঙ্কার বিশ্বখ্যাত কোম্পানি যা ২০০১ সাল থেকে বাংলাদেশে কাজ করছে। লাফ্‌স-এর সিলিন্ডার আন্তর্জাতিক মান সম্পন্ন বিধায় এটি নিরাপদ ও টেকসই। ফলে অনাকাঙ্খিত দূর্ঘটনা ঘটে না।



**লাফ্‌স (এলপিজি)-এর সুবিধা:**

- লাফ্‌স বিশ্বব্যাপী জনপ্রিয় ও বিশ্বস্ত একটি কোম্পানি।
- লাফ্‌স-এর সিলিন্ডার আন্তর্জাতিক নিরাপত্তা মান অনুসারে তৈরি বিধায় এতে দূর্ঘটনা ঘটার সম্ভাবনা খুব কম
- বাজারে বিভিন্ন ওজনের লাফ্‌স-এর সিলিন্ডার গ্যাস পাওয়া যায়, যা নিরাপদ ও সাশ্রয়ী।
- কালো ধোঁয়া নির্গমণ করে না বলে রান্নার পাত্র কালো হয় না, সহজেই পরিষ্কার হয়।
- রান্নাঘরে অল্প জায়গায় লাফ্‌স-এর সিলিন্ডার সংরক্ষণ করা যায়।
- লাফ্‌স-এর সিলিন্ডার গ্যাস একটি স্বাস্থ্যকর জ্বালানি।

যোগাযোগ: ০১৭৯৯৯৯৭৯৫০

# মডার্ন হট ব্যাগ





## মডার্ন হট ব্যাগ

মডার্ন হট ব্যাগ হল এক ধরণের অত্যাধুনিক ব্যাগ, যা অনেকটা চুলার মতো কাজ করে। একে মূলত: রিটেইন্ড হিট কুকার বা তাপ ধরে রাখার চুলা বলে। যে কোনো চুলায় রান্না ফুটিয়ে এই ব্যাগে ঢুকিয়ে দিতে হয়। এরপর বাকি রান্না ব্যাগের মধ্যে আপনা-আপনি সম্পন্ন হয়ে যায়। যেহেতু এই চুলাটি ব্যবহারে কোনো অতিরিক্ত জ্বালানির প্রয়োজন হয় না, তাই এটি জ্বালানি সাশ্রয়ী।











### মডার্ন হট ব্যাগ - এর সুবিধা:

- একবার পানি ফুটলে আর কোন জ্বালানি খরচ নেই।
- ব্যাগে ৬-৮ ঘন্টা পর্যন্ত খাবার গরম থাকে।
- এই পদ্ধতিতে রান্নায় ৫০ ভাগ জ্বালানি সাশ্রয় হয়।
- রাধুনির দুই-তৃতীয়াংশ রান্নার সময় বেঁচে যায়।
- এটি নিরাপদ ও সহজেই বহন করা যায়।

যোগাযোগ: ০১৭১৫৯১১১৮৭

SMC

Helping you live better

SREDA

Sustainable and Renewable Energy Development Authority

GLOBAL ALLIANCE FOR CLEAN COOKSTOVES